

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রাজু ভাস্কর্যের সামনে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর সঙ্গে অশোভন আচরণের অভিযোগে মো. নাজমুল আলম ওরফে জিম নাজমুল নামের এক ছাত্রকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। নাজমুলকে কেন বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না, সে বিষয়ে কারণ দর্শাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে সাত কার্যদিবস সময় দিয়েছে। গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ৩১ অক্টোবর মধ্যরাতের পর রাজু ভাস্কর্যে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর সঙ্গে আইন ও শৃঙ্খলাপরিপন্থী অশোভন আচরণ এবং বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ক্ষুণ্ণ করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের চতুর্থ বর্ষের শিক্ষার্থী মো. নাজমুল আলমকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। নাজমুল সূর্যসেন হল শাখা ছাত্রলীগের কর্মী। তিনি হলটির ৩২২ নম্বর কক্ষে থাকেন।

advertisement

অভিযোগকারী ছাত্রী বলেছেন, জন্মদিন উপলক্ষে ছবি তোলার জন্য গত সোমবার রাতে তিনি ঢাবির টিএসসি এলাকায় গিয়েছিলেন। তার সঙ্গে একজন পেশাদার আলোকচিত্রী ছিলেন। ছিলেন কজন বন্ধু। রাজু ভাস্কর্যের সামনে ছবি তোলার একপর্যায়ে তাকে হেনস্তা-মারধর করেন ছাত্রলীগের কর্মী মো. নাজমুল আলম। ওই ঘটনার পরদিন ভুক্তভোগী ছাত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে বিচার চেয়ে লিখিত অভিযোগ দেন।